গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা-০১
গাইড হাউস (৭ম ও ১০ম তলা)নিউ বেইলী রোড, ঢাকা
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৩৫.০২৭.২১.১০৭৭ তারিখ: ১৬ চৈত্র ১৪২৮
৩০ মার্চ ২০২২

বিষয়: **চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলাধীন ছিপাতলী জামেয়া গাউছিয়া মূঈনীয়া কামিল মাদ্রাসার প্রভাষক জনাব মোহাম্মদ শফিউল আলম/MD SHAFIUL ALAM (ইনডেক্স নং-C036191) এর প্রার্থীত বিষয় সংযোজনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

সূত্র: (০১) USEO, হাটহাজারী, চট্টগ্রাম এর স্মারক নং-উমাশিঅ/হাট/চট্ট/২০২১/২৬৯; তারিখ: ১২.০৯.২১খ্রি.
(০২) তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের স্মারক নং-৫৭.২৫.০০০০.০১০.০২.০২৪.২০-৬০১; তারিখ: ০৬.০৩.২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলাধীন ছিপাতলী জামেয়া গাউছিয়া মূঈনীয়া কামিল মাদ্রাসার প্রভাষক জনাব মোহাম্মদ শফিউল আলম (ইনডেক্স নং-C036191) এর এমপিও শীটে বিষয় সংযোজনের আবেদন সূত্রোক্ত (০১) নং স্মারকে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হাটহাজারী, চট্টগ্রাম কর্তৃক অত্র অধিদপ্তরে অগ্রায়ণ করা হয়।

০২। প্রতিকার প্রার্থীর আবেদনটি নিস্পত্তির লক্ষ্যে জনাব মো: সাইফুল ইসলাম, উপ-পরিচালক (প্রশাসন)-মাশিঅ, জনাব মাহফুজা ইয়াছমিন, সহকারী পরিচালক (প্রশাসন)-মাশিঅ এবং জনাব ইমন আমির, পরিদর্শক (রাজশাহী বিভাগ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর- এর সমন্বয়ে তদন্ত কমিটি গঠন করা হয়। সূত্রোস্থ ০২ নং স্মারকে তদন্ত কমিটি কর্তৃক তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়। তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের মতামত নিম্নরূপ: “এমপিও শীটে জনাব মোহাম্মদ শফিউল আলম এর বিষয় মুদ্রিত নেই কিন্তু নিয়োগ ও যোগদানপত্রসহ নিয়োগ সংক্রান্ত কাগজ-পত্রে বিষয় ARABIC উল্লেখ আছে এবং এমপিও শিটে বেতন কোড ৭ উল্লেখ আছে যা প্রভাষক (ARABIC) বিষয়ের ক্ষেত্রে প্রযোজ্য। বিধায়, তাঁর প্রকৃত বিষয় ARABIC মর্মে জনাব মো: সাইফুল ইসলাম, উপ-পরিচালক (প্রশাসন)-মাশিঅ, জনাব মাহফুজা ইয়াছমিন, সহকারী পরিচালক (প্রশাসন)-মাশিঅ এবং জনাব ইমন আমির, পরিদর্শক (রাজশাহী বিভাগ), এর নিকট প্রতীয়মান হয়। প্রার্থী নিজে এমপিও শিটে মুদ্রিত বিষয় ARABIC সংযোজনের জন্য আবেদন করেছেন এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হাটহাজারী, চট্টগ্রাম বিষয়োক্ত মাদ্রাসার অধ্যক্ষ গভর্নিং বডির সদস্যবৃন্দ বিষয় ARABIC সংযোজনের সুপারিশ করেছেন। বিধায় চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলাধীন ছিপাতলী জামেয়া গাউছিয়া মূঈনীয়া কামিল মাদ্রাসার প্রভাষক জনাব মোহাম্মদ শফিউল আলম (ইনডেক্স নং-C036191) এর প্রার্থীত বিষয় BANGLA সংযোজন করা যেতে পারে।” (কপি সংযুক্ত)

০৩। USEO, হাটহাজারী, চট্টগ্রাম এর সুপারিশসহ অগ্রায়ণ এবং তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব মোহাম্মদ শফিউল আলম (ইনডেক্স নং-C036191) এর তথ্য এবং প্রার্থীত বিষয় নিম্নরূপঃ

| ক্রমিক নং | নাম, পদবী,ইনডেক্স ও প্রতিষ্ঠনের ঠিকানা | প্রভাষক (আরবি) পদে যোগদানের তারিখ | এমপিও শীটে বিদ্যমান বিষয় | প্রার্থীত বিষয় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | জনাব মোহাম্মদ শফিউল আলম, প্রভাষক (ইনডেক্স নং-C036191) ছিপাতলী জামেয়া গাউছিয়া মূঈনীয়া কামিল মাদ্রাসা, হাটহাজারী, চট্টগ্রাম | ০১/১২/১৯৮৫ | নেই | ARABIC | এমপিও শীটে বিদ্যমান বিষয় উল্লেখ নেই। আবেদনকারীর প্রার্থীত বিষয় ARABIC সংযোজন যোগ্য। |

০৪। এমতাবস্থায়, USEO, হাটহাজারী, চট্টগ্রাম এর সুপারিশসহ অগ্রায়ণ এবং তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব জনাব মোহাম্মদ শফিউল আলম (ইনডেক্স নং-C036191)এর বিষয়- ARABIC সংযোজনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং পত্রের বর্ণনামতে যথাযথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন (Compliance Report) দাখিলের জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে সংশ্লিষ্ট আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান, সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তাগণ দায়ী থাকবে।

২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান প্রধান উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে।

৩। পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত/অন্যান্য ডকুমেন্টস্ ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত শিক্ষক সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।

**৪। প্রতিকার প্রার্থী জনাব মোহাম্মদ শফিউল আলম, প্রভাষক কোন প্রকার বকেয়া দাবি করতে পারবেনা।**

৫।পরবর্তীতে এতদসংক্রান্ত কোন ডকুমেন্টস/তথ্যাদিভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর তাৎক্ষণিকভাবে অত্র আদেশ সম্পূর্ণ/আংশিক বাতিল কিংবা সংশোধন করতে পারবে। এতে কোনরূপ আপত্তি উথাপন/আইনের আশ্রয় গ্রহণ করা যাবেনা।

সংযুক্তি: ০৬ ফর্দ।

৩০-৩-২০২২
কে, এম, রুহুল আমীন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৪১০৩০১৫৯
ইমেইল: dg@dme.gov.bd

পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং প্রকল্প পরিচালক,
মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৩৫.০২৭.২১.১০৭৭/১(৬)

তারিখ: ১৬ চৈত্র ১৪২৮
৩০ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

২) জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম।

৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হাটহাজারী,চট্টগ্রাম।

৪) সভাপতি/অধ্যক্ষ, ছিপাতলী জামেয়া গাউছিয়া মূঈনীয়া কামিল মাদ্রাসা, হাটহাজারী, চট্টগ্রাম ।

৫) জনাব মোহাম্মদ শফিউল আলম, প্রভাষক (ইনডেক্স নং-C036191) ছিপাতলী জামেয়া গাউছিয়া মূঈনীয়া কামিল মাদ্রাসা, হাটহাজারী, চট্টগ্রাম।

৬) ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

৩০-৩-২০২২
মো: বাদশা মিয়া
পরিদর্শক (সহযোগী অধ্যাপক)